(iv) $A(x_1, y_1)$; $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখার লম্বদ্বিখণ্ডকের সমীকরণ
$(x_1 - x_2)x + (y_1 - y_2)y = \frac{1}{2}(x_1^2 + y_1^2 - x_2^2 - y_2^2)$

(v) $A(x_1, y_1)$; $B(x_2, y_2)$; $C(x_3, y_3)$, $D(x_4, y_4)$ হলে, CD কে AB রেখাটি K : 1 অনুপাতে বিভক্ত করলে
$K = \frac{x_1y_2 + x_2y_3 + x_3y_1 - x_1y_3 - x_3y_2 - x_2y_1}{x_1y_4 + x_2y_1 + x_4y_2 - x_2y_4 - x_1y_2 - x_4y_1}$

(vi) $A(x_1, y_1)$; $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে $C(x, y)$, $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করলে $\frac{m_1}{m_2} = \frac{x_1 - x}{x - x_2} = \frac{y_1 - y}{y - y_2}$

(vii) $a_1x + b_1y + c_1 = 0$; $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু এবং মূল বিন্দুগামী রেখার সমীকরণ:
$c_2(a_1x + b_1y + c_1) - c_1(a_2x + b_2y + c_2) = 0$

(viii) $a_1x + b_1y + c_1 = 0$; $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ
$\theta = \tan^{-1}\left(\pm\frac{a_2b_1 - a_1b_2}{a_1a_2 + b_1b_2}\right)$, (+) হলে সূক্ষ্মকোণ, (–) হলে স্থূলকোণ

(ix) একটি সরলরেখা অক্ষদ্বয়ের মধ্যবর্তী অংশ (a, b) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হলে সরলরেখাটির সমীকরণ, $bx + ay - 2ab = 0$



CS CamScanner

**Part 2**

## গাণিতিক সমস্যা ও সমাধান

**01. কোন বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক $(\sqrt{3}, 3)$ হলে, ঐ বিন্দুর পোলার স্থানাঙ্ক কত?**

**Sol:** আমরা জানি, $r = \sqrt{x^2+y^2} = \sqrt{(\sqrt{3})^2+(3)^2} = \sqrt{12} = 2\sqrt{3}$

এবং $\theta = \tan^{-1}\frac{y}{x} = \tan^{-1}\frac{3}{\sqrt{3}} = \tan^{-1}\sqrt{3} = \frac{\pi}{3}$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $\left(2\sqrt{3}, \frac{\pi}{3}\right)$

**02. $(x_1, -6)$ এবং $(5, -3)$ বিন্দুদ্বয়ের মধ্যকার দূরত্ব 5 একক হলে, $x_1$ এর মান কত?**

**Sol:** $\sqrt{(x_1-5)^2+(-6+3)^2} = 5 \Rightarrow x_1^2 - 10x_1 + 25 + 9 = 25$

$\Rightarrow x_1^2 - 10x_1 + 9 = 0 \Rightarrow (x_1-9)(x_1-1) = 0 \Rightarrow x_1 = 9$ অথবা 1

**03. কোন শর্তাধীনে A(x, y) বিন্দুটি P(2, 8) ও Q(5, –1) বিন্দুদ্বয় হতে সমদূরবর্তী হবে?**

**Sol:** শর্তমতে, $AP = AQ$

$\sqrt{(x-2)^2+(y-8)^2} = \sqrt{(x-5)^2+(y+1)^2}$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 - 16y + 64 = x^2 - 10x + 25 + y^2 + 2y + 1$

$\Rightarrow 6x - 18y + 42 = 0$

$\Rightarrow x - 3y + 7 = 0$

**04. (–1, 2) এবং (4, –5) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে যে বিন্দু 2 : 3 অনুপাতে বহির্বিভক্ত করে তার স্থানাঙ্ক কত?**

**Sol:** মনে করি, বিন্দুটি (x, y)

$\therefore x = \frac{2.4-3(-1)}{2-3} = \frac{8+3}{-1} = -11$

$y = \frac{2(-5)-3.2}{2-3} = \frac{-10-6}{-1} = 16$

**05. (5, 2) ও (3, –2) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী বিন্দুর স্থানাঙ্ক কত?**

**Sol:** মধ্যবিন্দু $= \left(\frac{x_1+x_2}{2}, \frac{y_1+y_2}{2}\right) = \left(\frac{5+3}{2}, \frac{2+(-2)}{2}\right) = (4,0)$

**06. x এর মান কত হলে (– x, 2), (3, – 2) ও (2 – x, 3) বিন্দুত্রয় সমরেখ হবে?**

**Sol:** বিন্দু তিনটি সমরেখ হবে যদি,

১ম ও ২য় বিন্দুর ঢাল = ২য় ও ৩য় বিন্দুর ঢাল

$\Rightarrow \frac{2+2}{-x-3} = \frac{-2-3}{3-2+x}$

$\Rightarrow \frac{4}{-x-3} = \frac{-5}{x+1} \Rightarrow x = -11$

**07. তিনটি বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (3, 4), (0, 0) এবং (–3, 4)। বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত?**

**Sol:** ক্ষেত্রফল $= \frac{1}{2}(x_1y_2 - x_2y_1) = \frac{1}{2}(3\times4-(-3)\times4)$

$= \frac{1}{2}\times24 = 12$ বর্গ একক।

**08. ΔABC এর A(3, 0), B(–3, 0) ও C(0, 4) হলে, ত্রিভুজটির ভরকেন্দ্র ও অন্তঃকেন্দ্র নির্ণয় কর।**

**Sol:** ভরকেন্দ্র $\equiv \left(\frac{3-3+0}{3}, \frac{0+0+4}{3}\right) = \left(0, \frac{4}{3}\right)$

$BC = a = \sqrt{9+16} = 5$, $CA = b = \sqrt{9+16} = 5$

$AB = c = \sqrt{36+0} = 6$

অন্তঃকেন্দ্র, $I = \left(\frac{5.3+5(-3)+6.0}{5+5+6}, \frac{5.0+5.0+6.4}{5+5+6}\right) = \left(0, \frac{3}{2}\right)$

**09. (1,3), (5,0), (2,–4), (–2,–1) বিন্দুগুলো সংযোজন করে প্রায় চতুর্ভুজের প্রকৃতি কি হবে?**

**Sol:** বিন্দুগুলো যথাক্রমে A, B, C, D হলে,

$AC = \sqrt{(1-2)^2+(3+4)^2} = \sqrt{50}$

$BD = \sqrt{(5+2)^2+(0+1)^2} = \sqrt{50}$

$M_{AC}\times M_{BD} = \frac{3+4}{1-2}\times\frac{0+1}{5+2} = -1$ $\therefore$ চতুর্ভুজটি বর্গ।

**10. চতুর্ভুজের শীর্ষবিন্দুসমূহ (4, 2), (9,0), (8,3) ও (2, –1) হয়, তবে ক্ষেত্রফল নির্ণয় কর।**

**Sol:** ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix}4 & 2\\ 9 & 0\\ 8 & 3\\ 2 & -1\\ 4 & 2\end{vmatrix} = \frac{1}{2}\{(0+27-8+4)-(18+6-4)\}$

$= \frac{1}{2}(23-20) = \frac{3}{2}$ বর্গ একক

**11. ABCD আয়তের তিনটি শীর্ষবিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে A(3, 2), B(2, – 1), C(8, – 3) এর চতুর্থ শীর্ষবিন্দু D-এর স্থানাঙ্ক কত?**

**Sol:** মনে করি, চতুর্থ শীর্ষবিন্দু D = (x, y)

AC কর্ণের ভুজদ্বয়ের যোগফল = BD কর্ণের ভুজদ্বয়ের যোগফল

$\therefore 8+3 = x+2 \Rightarrow x = 9$

আবার, $2+(-3) = y-1 \Rightarrow y = 0$

চতুর্থ শীর্ষবিন্দু D = (9, 0)




**12. ABCD সামান্তরিকের A, B ও C বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (3, 2), (5, 1) ও (0, 1) হলে, সামান্তরিকের ক্ষেত্রফল কত?**

**Sol:** ABCD সামান্তরিকের ক্ষেত্রফল = 2 × ΔABC এর ক্ষেত্রফল

$= 2\times\frac{1}{2}\begin{vmatrix}3 & 2\\ 5 & 1\\ 0 & 1\\ 3 & 2\end{vmatrix} = (3+5+0)-(10+0+3) = 8-13 = -5$

$\therefore$ ABCD সামান্তরিকের ক্ষেত্রফল = 5 বর্গ একক।

**13. x অক্ষ এবং (2, –3) বিন্দু হতে (5, k) বিন্দুটির দূরত্ব সমান হলে, k এর মান কত?**

**Sol:** x অক্ষ থেকে (5, k) বিন্দুর দূরত্ব = k একক,

(2, –3) বিন্দু হতে (5, k) বিন্দুর দূরত্ব $= \sqrt{(2-5)^2+(-3-k)^2}$

শর্তমতে, $k = \sqrt{(2-5)^2+(-3-k)^2} \Rightarrow k^2 = 18 + k^2 + 6k$

$\Rightarrow (k+3) = 0 \Rightarrow k = -3$

**14. y অক্ষ ও (7, 2) বিন্দু থেকে (a, 5) বিন্দুটির দূরত্ব সমান হলে a এর মান কত?**

**Sol:** y অক্ষ হতে (a, 5) এর দূরত্ব = a

প্রশ্নমতে, $a = \sqrt{(a-7)^2+(5-2)^2} \Rightarrow a^2 = (a-7)^2 + 9$

$\Rightarrow a^2 = a^2 - 14a + 49 + 9 \Rightarrow 14a = 58 \Rightarrow a = \frac{29}{7}$

**15. কোন সরলরেখার ঢাল $\frac{1}{\sqrt{3}}$ হলে রেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে।**

**Sol:** $\therefore \frac{1}{\sqrt{3}} = \tan\theta \Rightarrow \theta = \tan^{-1}\frac{1}{\sqrt{3}} = 30°$

**16. x অক্ষের ধনাত্মক দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে এবং রেখাটি মূলবিন্দুগামী, রেখাটির সমীকরণ নির্ণয় কর।**

**Sol:** ঢাল, $m = \tan 60° = \sqrt{3}$ $\therefore$ সরলরেখার সমীকরণ $y = \sqrt{3}x$



CamScanner

**17. y অক্ষের সমান্তরাল এবং (2, 3) বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর।**

**Sol :** y অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ $x = a$

$\therefore$ নির্ণেয় সরলরেখার সমীকরণ, $x = 2$ [ যেহেতু, $a = 2$ ]

**18. কোন সরলরেখা কর্তৃক x অক্ষ ও y অক্ষ থেকে ছেদকৃত অংশ যথাক্রমে 5 এবং –10 হলে, রেখাটির সমীকরণ কী?**

**Sol :** রেখাটির সমীকরণ, $\frac{x}{5} + \frac{y}{-10} = 1 \Rightarrow 2x - y = 10$

**19. 2x + 5y + 4 = 0 রেখাটি দ্বারা অক্ষদ্বয় থেকে ছেদিত অংশ নির্ণয় কর।**

**Sol :** x অক্ষ হতে ছেদিত অংশ $= -\frac{c}{a} = -\frac{4}{2} = -2$ একক

y অক্ষ হতে ছেদিত অংশ $= -\frac{c}{b} = -\frac{4}{5}$ একক

**20. 2x – 3y – 6 = 0 রেখা দ্বারা অক্ষদ্বয়ের সান্নিধ্যে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত?**

**Sol :** $2x - 3y - 6 = 0 \Rightarrow 2x - 3y = 6 \Rightarrow \frac{x}{3} - \frac{y}{2} = 1 \therefore a = 3, b = -2$

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}|ab| = \frac{1}{2}|-6| = 3$ বর্গ একক।

**21. মূলবিন্দু থেকে কোন সরলরেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 5 একক এবং লম্বটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে 30° কোণ উৎপন্ন করলে সরলরেখাটির সমীকরণ নির্ণয় কর।**

**Sol :** সরলরেখাটির সমীকরণ, $x\cos\alpha + y\sin\alpha = p$

$\Rightarrow x\cos30° + y\sin30° = 5 \Rightarrow x \times \frac{\sqrt{3}}{2} + y \times \frac{1}{2} = 5$

$\Rightarrow \sqrt{3}x + y = 10 \Rightarrow \sqrt{3}x + y - 10 = 0$

**22. (1, –1) এবং (2, 4) বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখার লম্ব সমদ্বিখণ্ডকের সমীকরণ কী?**

**Sol :** লম্ব সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$(x_1 - x_2)x + (y_1 - y_2)y = \frac{1}{2}(x_1^2 + y_1^2 - x_2^2 - y_2^2)$

$\Rightarrow (1-2)x + (-1-4)y = \frac{1}{2}\{1^2 + (-1)^2 - 2^2 - 4^2\}$

$\Rightarrow -x - 5y = -9 \Rightarrow x + 5y - 9 = 0$

**23. 2x + 3y – 8 = 0 এবং 4x + 6y – 2 = 0 রেখাদ্বয় কী সমান্তরাল?**

**Sol :** ১ম রেখার ঢাল, $m_1 = -\frac{2}{3}$

এবং ২য় রেখার ঢাল, $m_2 = -\frac{4}{6} = -\frac{2}{3} = m_1$

$\therefore$ সরলরেখা দুটি সমান্তরাল।

**24. (2, 0) বিন্দুগামী এবং 3x + 5y + 8 = 0 রেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ নির্ণয় কর।**

**Sol :** $3x + 5y + 8 = 0$ রেখার সমান্তরাল সরলরেখা $3x + 5y + k = 0$ .... (i)

এখন (i) রেখাটি (2, 0) বিন্দুগামী।

$\therefore 3 \times 2 + 5 \times 0 + k = 0 \Rightarrow k = -6$

$\therefore$ নির্ণেয় সরলরেখা, $3x + 5y - 6 = 0$

বিকল্প: $3(x-2) + 5(y-0) = 0 \Rightarrow 3x + 5y - 6 = 0$

**25. যদি x – 3y + 2 = 0 এবং 2x – 6y + k = 0 রেখাদ্বয় একই সরলরেখা নির্দেশ করে তবে k এর মান কত?**

**Sol :** এখানে, $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{-3}{-6} = \frac{2}{k} \Rightarrow k = 4$

**26. 2x + 3y + 4 = 0, 4x + 3y + 2 = 0 এবং x + py = 0 রেখাত্রয় সমবিন্দুগামী হলে, p এর মান কত?**

**Sol :** $\begin{vmatrix} 2 & 3 & 4 \\ 4 & 3 & 2 \\ 1 & p & 0 \end{vmatrix} = 0 \Rightarrow 2(0 - 2p) - 3(0 - 2) + 4(4p - 3) = 0$

$\Rightarrow 12p - 6 = 0 \Rightarrow p = \frac{1}{2}$

**27. (3, 5) বিন্দু হতে 3x + 5y – 2 = 0 রেখার লম্ব দূরত্ব কত?**

**Sol :** দূরত্ব $= \left|\frac{3\times3 + 5\times5 - 2}{\sqrt{9+25}}\right| = \left|\frac{32}{\sqrt{34}}\right| = \frac{32}{\sqrt{34}}$ একক।

**28. 3x + 2y – 16 = 0 এবং 3x + 2y – 20 = 0 রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত?**

**Sol :** মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{-16-(-20)}{\sqrt{9+4}}\right| = \left|\frac{4}{\sqrt{13}}\right| = \frac{4}{\sqrt{13}}$

**29. (1, – 2) বিন্দু হতে $7\frac{1}{2}$ একক দূরবর্তী এবং 3x + 4y = 7 রেখার সমান্তরাল (Parallel) রেখাসমূহের সমীকরণ নির্ণয় কর।**

সমাধান : প্রদত্ত রেখার সমীকরণ, $3x + 4y - 7 = 0$ ......... (i)

ধরি, (i) নং রেখার সমান্তরাল রেখার সমীকরণ

$3x + 4y + k = 0$ ............. (ii)

এখন (1, –2) বিন্দু হতে (ii) নং রেখার লম্ব দূরত্ব

$= \left|\frac{3.1 + 4(-2) + k}{\sqrt{3^2 + 4^2}}\right| = \left|\frac{k-5}{5}\right|$

প্রশ্নমতে, $\left|\frac{k-5}{5}\right| = 7\frac{1}{2} \Rightarrow k - 5 = \pm\frac{75}{2}$

(+) ধরে, $k - 5 = \pm\frac{75}{2} \Rightarrow k = \frac{85}{2}$

(–) ধরে, $k - 5 = -\frac{75}{2} \Rightarrow k = -\frac{65}{2}$

k- এর মান (ii) এ বসিয়ে

$k = \frac{85}{2}$ হলে, $3x + 4y + \frac{85}{2} = 0 \therefore 6x + 8y + 85 = 0$

$k = -\frac{65}{2}$ হলে, $3x + 4y - \frac{65}{2} = 0 \therefore 6x + 8y - 65 = 0$

## For Practiec

**01.** কোন বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক $(-1, \sqrt{3})$ হলে বিন্দুটির পোলার স্থানাঙ্ক কত? **Ans.** (2, 120°)

**02.** $r(1 + \cos\theta) = 2$ কে কার্তেসীয় আকারে প্রকাশ কর। **Ans.** $y^2 = -4(x-1)$

**03.** দুটি বিন্দুর পোলার স্থানাঙ্ক $(2\sqrt{3}, 90°)$ এবং $(2\sqrt{5}, 180°)$ হলে, বিন্দু দুটির দূরত্ব কত? **Ans:** $4\sqrt{2}$

**04.** (1, 4) এবং (9,– 12) বিন্দু দুইটির সংযোগ রেখাংশকে যে বিন্দুটি 5:3 অনুপাতে অন্তর্বিভক্ত করে তার স্থানাংক কত? **Ans.** (6, –6)

**05.** P $(a + a\cos\theta, a\sin\theta)$ বিন্দুটির সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। **Ans :** $(x-a)^2 + y^2 = a^2$

**06.** ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দুর স্থানাংক (3, 5), (– 3, 3) এবং (– 1, – 1) হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত? **Ans :** 14

**07.** কোন ত্রিভুজের কৌণিক বিন্দুত্রয় A, B, C এর স্থানাঙ্ক (6, 3), (–3, 5), (4, –2) এবং D, E, F বিন্দু যথাক্রমে BC, CA, AB কে 3:1 অনুপাতে অন্তর্বিভক্ত করে। দেখাও যে, ΔABC ও ΔDEF এর অনুপাত 16:7 হবে।

**08.** x + 4 = 0, y – 3 = 0 এবং 3x – 4y + 12 = 0 রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের অন্তঃকেন্দ্র নির্ণয় কর। **Ans.** (–3, 2)



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

9. $(-k, 2), (0, -5)$, ও $(2-k, 3)$ বিন্দুত্রয় সমরেখ হলে, k এর মান কত? **Ans:** $-14$

10. $(6-8)$ বিন্দু সাপেক্ষে $(5, 7)$ বিন্দুর প্রতিবিম্ব নির্ণয় কর। **Ans.** $(4, 22)$

11. x অক্ষ ও $(-5, -7)$ থেকে $(4, k)$ বিন্দুটির দূরত্ব সমান হলে, k এর মান নির্ণয় কর। **Ans :** $-\frac{65}{7}$

12. $2y + x - 5 = 0$, $y + 2x - 7 = 0$ এবং $x - y + 1 = 0$ রেখাত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। **Ans.** $\frac{3}{2}$ বর্গ একক।

13. y অক্ষের সমান্তরাল এবং $2x - 7y + 11 = 0$ ও $x + 3y - 8 = 0$ রেখা দুটির ছেদবিন্দু দিয়ে যায় এরূপ সরলরেখার সমীকরণ? **Ans.** $13x - 23 = 0$

14. দুটি সরলরেখা $(6, -7)$ বিন্দু দিয়ে যায় এবং তারা $y + \sqrt{3}x - 1 = 0$ রেখার সাথে $60°$ কোণ উৎপন্ন করে। রেখা দুটির সমীকরণ নির্ণয় কর। **Ans:** $y + 7 = 0$; $y + 7 = \sqrt{3}(x - 6)$

15. দুটি সরলরেখা $(5,4)$ বিন্দু দিয়ে যায় এবং তারা $5x + 9y = 27$ রেখার সাথে $45°$ কোণ উৎপন্ন করে। রেখা দুটির সমীকরণ নির্ণয় কর। **Ans:** $2x - 7y + 18 = 0$; $7x + 2y - 43 = 0$

## Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

1. $2r\sin^2\frac{\theta}{2} = 1$ এর কার্তেসীয় সমীকরণ-
Ⓐ $y^2 = 1 + 2x$ Ⓑ $y^2 = 4(1 - x)$ Ⓒ $y^2 = 4(1 + x)$ Ⓓ $x^2 = 4(1 + y)$ **Ans** Ⓐ

2. P(2, 5), Q(5, 9) এবং S(6, 8) বিন্দুত্রয় PQRS রম্বসের শীর্ষবিন্দু হলে R এর স্থানাঙ্ক-
Ⓐ $(12, 9)$ Ⓑ $\left(\frac{7}{2}, 7\right)$ Ⓒ $\left(4, \frac{13}{2}\right)$ Ⓓ $(9, 12)$ **Ans** Ⓓ

3. $(x, y)$, $(2, 2)$ এবং $(3, 3)$ বিন্দু তিনটি একই সরলরেখায় অবস্থিত হলে-
Ⓐ $x - 2y + 1 = 0$ Ⓑ $x - y = 0$ Ⓒ $2x - y + 3 = 0$ Ⓓ $x - y + 1 = 0$ **Ans** Ⓑ

4. x অক্ষ ও $(-5, -7)$ থেকে $(4, k)$ বিন্দুটির দূরত্ব সমান হলে, k এর মান –
Ⓐ $-\frac{65}{7}$ Ⓑ $\frac{65}{7}$ Ⓒ 20 Ⓓ $-130$ **Ans** Ⓐ

5. একটি ত্রিভুজের তিনটি শীর্ষ $\left(2, \frac{\pi}{6}\right)$, $\left(1, \frac{2\pi}{3}\right)$ ও $\left(\sqrt{3}, \frac{3\pi}{2}\right)$ হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?
Ⓐ $\frac{1}{4}(\sqrt{3} + 10)$ Ⓑ $\frac{1}{4}(-\sqrt{3} + 10)$ Ⓒ $\frac{1}{2}(\sqrt{3} + 10)$ Ⓓ $\frac{1}{2}(5 + \sqrt{3})$ **Ans** Ⓐ

6. $(3, -1)$ এবং $(5, 2)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী সরলরেখাকে $3 : 4$ অনুপাতে বহিঃস্থভাবে বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক-
Ⓐ $\left(\frac{14}{3}, 3\right)$ Ⓑ $\left(\frac{27}{7}, \frac{2}{7}\right)$ Ⓒ $\left(\frac{27}{4}, \frac{4}{3}\right)$ Ⓓ কোনোটিই নয় **Ans** Ⓓ

7. a এর মান কত হলে $(2, -1)$, $(a + 1, a - 3)$ এবং $(a + 2, a)$ বিন্দুত্রয় সমরেখ হবে?
Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{3}$ Ⓒ 2 Ⓓ $-\frac{1}{2}$ **Ans** Ⓐ

8. $(3, \sqrt{2})$ বিন্দু হতে 9 একক দূরত্বে অবস্থিত বিন্দুর কোটি $\sqrt{2}$ হলে তার ভুজ কত?
Ⓐ 12 অথবা 6 Ⓑ $-12$ অথবা $-6$ Ⓒ 12 অথবা $-6$ Ⓓ $-12$ অথবা 6 **Ans** Ⓒ

9. $(1, 4)$ ও $(9, 12)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী সরলরেখা যে বিন্দুতে 5:3 অনুপাতে অন্তর্বিভক্ত হয় তার স্থানাঙ্ক-
Ⓐ $(5, 8)$ Ⓑ $(6, 9)$ Ⓒ $(6, 6)$ Ⓓ $(9, 9)$ **Ans** Ⓑ

10. $(3, -2)$ এবং $(6, 4)$ বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত?
Ⓐ $\sqrt{65}$ Ⓑ $3\sqrt{5}$ Ⓒ $\sqrt{6}$ Ⓓ $3\sqrt{2}$ **Ans** Ⓑ

11. কোন বিন্দুর পোলার স্থানাঙ্ক $(3, 90°)$ হলে কার্তেসীয় স্থানাঙ্ক কত?
Ⓐ $(3, 0)$ Ⓑ $(3, 3)$ Ⓒ $(0, 3)$ Ⓓ $(0, 0)$ **Ans** Ⓒ

12. $(4, -5)$ ও $(6, 8)$ বিন্দু দুইটির সংযোগ রেখাংশকে যে বিন্দুটি 4:3 অনুপাতে বহির্বিভক্ত করে তার স্থানাঙ্ক কত?
Ⓐ $(47,12)$ Ⓑ $(12,47)$ Ⓒ $(-12, 47)$ Ⓓ $(12, -47)$ **Ans** Ⓑ

13. $(-2, 4 + 2\sqrt{3})$ বিন্দুর পোলার স্থানাঙ্ক কত?
Ⓐ $(2, 120°)$ Ⓑ $(3, 150°)$ Ⓒ $(4, 210°)$ Ⓓ $(7.73, 105°)$ **Ans** Ⓓ

14. একটি ত্রিভুজের শীর্ষবিন্দুসমূহের পোলার স্থানাংক যথাক্রমে পোল, $\left(\sqrt{2}, \frac{\pi}{4}\right)$ ও $\left(2, \frac{\pi}{3}\right)$ হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল বর্গ এককে হবে-
Ⓐ $1 + \sqrt{3}$ Ⓑ $\left(\frac{1 + \sqrt{3}}{2}\right)$ Ⓒ $1 - \sqrt{3}$ Ⓓ $\left(\frac{\sqrt{3} - 1}{2}\right)$ **Ans** Ⓓ

15. $(a\sqrt{3}, -2)$ বিন্দুর পোলার স্থানাঙ্ক $(4, 210°)$ হলে a এর মান কত?
Ⓐ $-\sqrt{3}$ Ⓑ $\sqrt{3}$ Ⓒ $-2$ Ⓓ 2 **Ans** Ⓒ

16. $x - 3y - 2 = 0$ রেখার উপর P একটি বিন্দু এবং তা $(2, 3)$ ও $(6, -5)$ বিন্দু দুটি হতে সমদূরবর্তী। P বিন্দুটির স্থানাঙ্ক হল-
Ⓐ$(12, 4)$ Ⓑ$(14, 2)$ Ⓒ$(14, 4)$ Ⓓ$(16, 4)$ **Ans** Ⓒ

17. $(-3, -8)$ বিন্দু হতে $(k, 5)$ বিন্দুর দূরত্ব 85 একক হলে, k এর মান কত?
Ⓐ 81 Ⓑ 84 Ⓒ 78 Ⓓ 79 **Ans** Ⓐ

18. $\left(\sqrt{3}, \frac{\pi}{3}\right)$ বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক কত হবে?
Ⓐ $(3, \sqrt{3})$ Ⓑ $(2, \sqrt{2})$ Ⓒ $\left(\frac{2}{3}, \frac{2}{\sqrt{3}}\right)$ Ⓓ $\left(\frac{\sqrt{3}}{2}, \frac{3}{2}\right)$ **Ans** Ⓓ

19. একটি ত্রিভুজের ভরকেন্দ্র $(3, 2)$ এবং শীর্ষবিন্দু দুইটির স্থানাঙ্ক $(4, 14)$ ও $(12, 2)$ হলে অপর শীর্ষবিন্দুর স্থানাঙ্ক কত হবে?
Ⓐ $(-7, -10)$ Ⓑ $(7, 14)$ Ⓒ $(14, 7)$ Ⓓ $(-14, -7)$ **Ans** Ⓐ

20. $(-2, 3)$ ও $(4, -7)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x-অক্ষ কত অনুপাতে অন্তর্বিভক্ত করে?
Ⓐ $1 : 2$ Ⓑ $2 : 1$ Ⓒ $3 : 7$ Ⓓ $7 : 3$ **Ans** Ⓒ

21. $y = 2x$, $y = 5x$ এবং $y = b$ রেখাত্রয় গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল হবে।
Ⓐ $\frac{3b^2}{20}$ Ⓑ $\frac{b^2}{20}$ Ⓒ $\frac{5b^2}{20}$ Ⓓ $\frac{3b}{20}$ **Ans** Ⓐ

22. P(1, 2) বিন্দু হতে $2x - y + 5 = 0$ ও $x + y - 4 = 0$ রেখার উপর যথাক্রমে PQ ও PR লম্ব টানা হলো। $\Delta PQR$ এর ক্ষেত্রফল হলো-
Ⓐ $\frac{3}{2}$ Ⓑ $\frac{5}{2}$ Ⓒ $\frac{3}{4}$ Ⓓ $\frac{5}{4}$ **Ans** Ⓒ

23. $y = b$ এবং $\sqrt{3}x - y + 1 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণের মান-
Ⓐ $30°$ Ⓑ $45°$ Ⓒ $60°$ Ⓓ $90°$ **Ans** Ⓒ

24. $x = a$ এবং $\sqrt{3}x - y + 1 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণের মান -
Ⓐ$30°$ Ⓑ$45°$ Ⓒ$60°$ Ⓓ$75°$ **Ans** Ⓐ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

গণিত ১ম পত্র

# অধ্যায় ৪ — বৃত্ত

## Part 1 — প্রয়োজনীয় সূত্রাবলি

➤ **সাধারণ দ্বিঘাত সমীকরণ:** $ax^2 + 2hxy + by^2 + 2gx + 2fy + c = 0$ এই সমীকরণটি বিভিন্ন শর্তে বিভিন্ন রেখা প্রকাশ করে শর্তগুলো নিম্নরূপ-

i. $\Delta = \begin{vmatrix} a & h & g \\ h & b & f \\ g & f & c \end{vmatrix} = 0$ হলে জোড়া সরলরেখা।

ii. $a = b$ এবং $h = 0$ হলে বৃত্ত

➤ **বৃত্তের কতিপয় সাধারণ সমীকরণ:**

(a) $x^2 + y^2 = a^2$; কেন্দ্র $(0,0)$, ব্যাসার্ধ $= a$

(b) $(x-h)^2 + (y-k)^2 = r^2$; কেন্দ্র $(h, k)$, ব্যাসার্ধ $r$

i) বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করলে, $r = |k|$

ii) বৃত্তটি y-অক্ষকে স্পর্শ করলে, $r = |h|$

iii) উভয় অক্ষকে স্পর্শ করলে, $r = h = k$

এবং এক্ষেত্রে বৃত্তের সমীকরণ- $x^2 + y^2 - 2h(x + y) + h^2 = 0$

(c) $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$;

বৃত্তের কেন্দ্র $(-g, -f)$, ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$

➤ $(x_1, y_1)$ বিন্দু $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের-

i. বাইরে হলে $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c > 0$

ii. ভিতরে হলে $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c < 0$

iii. পরিধিতে হলে $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c = 0$



➤ দুটি বৃত্ত, $S_1 = x^2 + y^2 + 2g_1x + 2f_1y + c_1 = 0$ এবং $S_2 = x^2 + y^2 + 2g_2x + 2f_2y + c_2 = 0$ এর ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ:

$S_1 + k(S_1 - S_2) = 0$ [k একটি ধ্রুবক]

বা, $x^2+y^2+2g_1x+2f_1y+c_1+k\{2(g_1-g_2)x+2(f_1-f_2)y+(c_1-c_2)\}=0$

➤ একটি বৃত্ত $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$, এবং $ax + by + c = 0$ এর ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c + k(ax + by + c) = 0$

➤ $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের

(a) x-অক্ষের ছেদাংশ $= 2\sqrt{g^2 - c}$

(b) y-অক্ষের ছেদাংশ $= 2\sqrt{f^2 - c}$

(c) বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করলে, $g^2 = c$ [স্পর্শ বিন্দু $(-g, 0)$]

(d) বৃত্তটি y-অক্ষকে স্পর্শ করলে, $f^2 = c$ [স্পর্শ বিন্দু $(0, -f)$]

(e) উভয় অক্ষকে স্পর্শ করলে, $g^2 = f^2 = c$

(f) মূলবিন্দু দিয়ে গেলে, $c = 0$

➤ $(x_1, y_1)$ ও $(x_2, y_2)$ কোন বৃত্তের একই ব্যাসের দুইটি প্রান্তবিন্দু হলে বৃত্তের সমীকরণ, $(x - x_1)(x - x_2) + (y - y_1)(y - y_2) = 0$

## Part 2 — গাণিতিক সমস্যা ও সমাধান

**01. $(x - y + 2)^2 + (2kx + 1)(3y - 2) = 0$ একটি বৃত্তের সমীকরণ নির্দেশ করলে $k = ?$**

**Sol:** আমরা জানি, বৃত্তে xy সংবলিত কোন পদ থাকে না। তাই এক্ষেত্রে xy সংবলিত পদের সহগ শূন্য হবে। অর্থাৎ $-2xy + 6kxy = 0$

বা, $k = \frac{1}{3}$

**02. বৃত্তের কেন্দ্র (2, 4) এবং ব্যাসার্ধ 3 হলে সমীকরণ কী?**

**Sol:** সমীকরণ, $(x-2)^2 + (y - 4)^2 = 3^2$

বা, $x^2 - 4x + 4 + y^2 - 8y + 16 = 9$

বা, $x^2 + y^2 - 4x - 8y + 11 = 0$

**03. $x^2 + y^2 + 4x + 5y + 3 = 0$ বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর।**

**Sol:** বৃত্তটির সমীকরণ, $x^2 + y^2 + 4x + 5y + 3 = 0$

$\Rightarrow x^2 + y^2 + 2 \times 2x + 2 \times \frac{5}{2} \times y + 3 = 0$

$\therefore$ কেন্দ্র $\left(-2, -\frac{5}{2}\right)$ এবং

ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{2^2 + \left(\frac{5}{2}\right)^2 - 3} = \sqrt{4 + \frac{25}{4} - 3} = \sqrt{\frac{29}{4}}$

**04. $x^2 + y^2 - 8x + 6y + 16 = 0$ বৃত্তটি কোন অক্ষকে স্পর্শ করে? এবং স্পর্শবিন্দু নির্ণয় কর।**

**Sol:** এখানে $g = -4$ এবং $f = 3$, $c = 16$

যেহেতু $g^2 = (-4)^2 = 16 = c$, অতএব বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে।

আবার স্পর্শবিন্দু $\equiv (-g, 0) = (-(-4), 0) = (4, 0)$

**05. $2x^2 + 2y^2 - 4x + 8y - 2 = 0$ বৃত্তটির x-অক্ষ এবং y-অক্ষ থেকে কর্তিত অংশের পরিমাণ নির্ণয় কর।**

**Sol:** বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 - 2x + 4y - 1 = 0$

অতএব $g = -1$, $f = 2$ এবং $c = -1$

তাহলে x অক্ষ থেকে কর্তিত অংশ $= 2\sqrt{(-1)^2 - (-1)}$

$= 2\sqrt{1 + 1} = 2\sqrt{2}$

এবং y অক্ষ থেকে কর্তিত অংশ $= 2\sqrt{2^2 - (-1)} = 2\sqrt{5}$

**06. একটি বৃত্তের ব্যাসার্ধ 10, কেন্দ্রের স্থানাঙ্ক (6, 2); এর যে জ্যাটি (3, 1) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয় তার দৈর্ঘ্য নির্ণয় কর।**

**Sol:** $OA = 10$, $OC = \sqrt{(6-3)^2 + (2-1)^2} = \sqrt{10}$

$AC = \sqrt{10^2 - 10} = 3\sqrt{10}$

$AB = 2AC = 6\sqrt{10}$

Or. $d = \sqrt{(6-3)^2 + (2-1)^2} = \sqrt{10}$




জ্যা এর দৈর্ঘ্য $= 2\sqrt{r^2 - d^2} = 2\sqrt{10^2 - (\sqrt{10})^2} = 6\sqrt{10}$

**07. (2, 4) বিন্দুটি $x^2 + y^2 + 4x + 8y + 4 = 0$ বৃত্তের সাপেক্ষে কোথায় অবস্থান করে?**

**Sol:** প্রদত্ত বৃত্ত, $x^2 + y^2 + 4x + 8y + 4 = 0$

এখন (2, 4) বিন্দুতে $2^2 + 4^2 + 4.2 + 8.4 + 4$

$= 4 + 16 + 8 + 32 + 4 = 64 > 0$

সুতরাং বিন্দুটি বৃত্তের বাহিরে অবস্থিত।



CamScanner

**08. $x^2 + y^2 = 9$ এবং $x^2 + y^2 - 6x - 8y + 21 = 0$ বৃত্তদ্বয় একে অপরকে কিভাবে স্পর্শ করে?**

**Sol:** প্রথম বৃত্তের কেন্দ্র $c_1 \equiv (0, 0)$ এবং ব্যাসার্ধ $r_1 = 3$

দ্বিতীয় বৃত্তের কেন্দ্র $c_2 \equiv (-g, -f) = (3, 4)$

এবং ব্যাসার্ধ $r_2 = \sqrt{g^2 + f^2 - c}$

$= \sqrt{(-3)^2 + (-4)^2 - 21} = 2$

এখন $c_1c_2 = \sqrt{(3-0)^2 + (4-0)^2}$

$= \sqrt{9+16} = 5 = 3 + 2 = r_1 + r_2$

∴ বৃত্তদ্বয় পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করে।

**09. $x^2 + y^2 = 3^2$ বৃত্তে (2, 4) বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।**

**Sol:** স্পর্শকের সমীকরণ, $x \times 2 + y \times 4 - 3^2 = 0$

$\Rightarrow 2x + 4y - 9 = 0$

**10. $x^2 + y^2 + 4x + 5y + 6 = 0$ এবং $2x^2 + 2y^2 + 4y + 6 = 0$ বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা এর সমীকরণ নির্ণয় কর।**

**Sol:** দ্বিতীয় বৃত্তের সমীকরণকে 2 দ্বারা ভাগ করে পাই,

$x^2 + y^2 + 2y + 3 = 0$

এখন বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা,

$(x^2 + y^2 + 4x + 5y + 6) - (x^2 + y^2 + 2y + 3) = 0$

$\Rightarrow 4x + 3y + 3 = 0$

**11. $x^2 + y^2 + 10x + 6y + 25 = 0$ বৃত্তের (3, 4) বিন্দুতে অভিলম্বের সমীকরণ নির্ণয় কর।**

**Sol:** $x^2 + y^2 + 2.5.x + 2.3.y + 25 = 0$

∴ $g = 5, f = 3$ এবং $(x_1, y_1) = (3, 4)$

∴ অভিলম্বের সমীকরণ,

$(3+5)y - (4+3)x + (3 \times 3 - 5 \times 4) = 0$

$\Rightarrow 7x - 8y + 11 = 0$

**12. কোন ত্রিভুজের শীর্ষ বিন্দু (2, 1), (10, 1), (2, –5) হলে, উক্ত বিন্দুত্রয় দিয়ে যায় এমন বৃত্তের সমীকরণ, কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর।**

**Sol:**

(2, 1), (10, 1) ও (2, –5) বিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$$\frac{(x-2)(x-10)+(y-1)(y-1)}{(x-2)(1-1)-(y-1)(2-10)} = \frac{(2-2)(2-1)+(-5-1)(-5-1)}{(2-2)(1-1)-(-5-1)(2-10)}$$

$$\Rightarrow \frac{x^2-12x+20+y^2-2y+1}{8y-8} = \frac{36}{-48}$$

$\Rightarrow x^2 + y^2 - 12x + 4y + 15 = 0$

∴ বৃত্তটির কেন্দ্র অর্থাৎ পরিকেন্দ্র (6, – 2)

এবং ব্যাসার্ধ অর্থাৎ পরিব্যাসার্ধ = 5

**13. (4, –2) বিন্দুগামী একটি বৃত্ত (i) x অক্ষরেখাকে (3, 0) বিন্দুতে (ii) y অক্ষরেখাকে (0, 1) বিন্দুতে স্পর্শ করে। বৃত্তটির সমীকরণ?**

**Sol:** i) x অক্ষরেখা $y = 0$

বৃত্তটির সমীকরণ $(x-3)^2 + y^2 + k(y) = 0$

ইহা (4, –2) বিন্দুগামী বলে-

$(4-3)^2 + (-2)^2 + k(-2) = 0 \Rightarrow k = 5/2$

∴ বৃত্তটির সমীকরণ: $x^2 + y^2 - 6x + 9 + \frac{5}{2}y = 0$

$\Rightarrow 2x^2 + 2y^2 - 12x + 5y + 18 = 0$

**14. $x^2 + y^2 - 4x + 6y + 1 = 0$ বৃত্তটি দ্বারা x অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য নির্ণয় কর।**

**Sol:** $x^2 + y^2 - 4x + 6y + 1 = 0$

$\Rightarrow x + y^2 + 2(-2)x + 2(3)y + 1 = 0; g = -2, c = 1$

∵ বৃত্তটি দ্বারা x অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{g^2 - c} = 2\sqrt{(-2)^2 - 1} = 2\sqrt{3}$

## For Practiec

**01.** $2x - 3y + 1 = 0$ রেখার সাপেক্ষে $x^2 + y^2 + 2x - 8y - 19 = 0$ বৃত্তের প্রতিবিম্বের সমীকরণ নির্ণয় কর। Ans. $x^2 + y^2 - 6x + 4y - 23 = 0$

**02.** k এর কোন মানের জন্য $(x - y + 3)^2 + (kx + 2)(y - 1) = 0$ সমীকরণটি একটি বৃত্ত নির্দেশ করে? Ans: 2

**03.** $r^2 - r\sqrt{3}r \cos\theta - 4r\sin\theta + 15 = 0$ বৃত্তের কেন্দ্র, ও ব্যাসার্ধ নির্ণয় কর। Ans: কেন্দ্র $\left(4, \frac{\pi}{3}\right)$, ব্যাসার্ধ = 1 একক

**04.** $x^2 + y^2 - 4x - 6y = 3$ বৃত্তের কেন্দ্র এবং ব্যাসার্ধ কত? Ans. (2, 3) এবং 4

**05.** $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করলে c এর মান কত? Ans. 4

**06.** মূলবিন্দুগামী একটি বৃত্ত ধনাত্মক x অক্ষ হতে 4 একক এবং ধনাত্মক y অক্ষ হতে 2 একক ছেদক কর্তন করলে, এর সমীকরণ হবে- Ans: $x^2 + y^2 - 4x - 2y = 0$

**07.** $x^2 + y^2 - 4x + 6y - 12 = 0$ বৃত্তের পরিধিস্থ (6, – 6) বিন্দুতে অভিলম্বের সমীকরণ নির্ণয় কর। Ans: $3x + 4y + 6 = 0$

**08.** $x^2 + y^2 + 6x + 2y + 6 = 0$ এবং $x^2 + y^2 + 8x + y + 10 = 0$ বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা যে বৃত্তের ব্যাস তার সমীকরণ নির্ণয় কর। Ans: $5(x^2 + y^2) + 26x + 12y + 22 = 0$

**09.** (–6, 5), (–3, – 4) ও (2, 1) বিন্দুগামী বৃত্তের সমীকরণ নির্ণয় কর। Ans. $x^2 + y^2 + 6x - 2y - 15 = 0$

**10.** একটি বৃত্তের পরামিতিক স্থানাঙ্ক, $x = -5 - 6\cos\theta$ এবং $y = 6 - 6\sin\theta$। বৃত্তের সমীকরণ, কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর। Ans: $(x+5)^2 + (y-6)^2 = 6^2$, কেন্দ্র ≡ (– 5, 6) এবং ব্যাসার্ধ, r = 6

**11.** $3x - 4y - k = 0$ রেখাটি $x^2 + y^2 - 8x = 0$ বৃত্তকে স্পর্শ করলে, k এর মান কত হবে? Ans: – 8,32

## Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**01.** একটি বৃত্ত (2, 1), (– 6, 5) ও (– 3, – 4) বিন্দুত্রয় দিয়ে অতিক্রম করলে বৃত্তটির কেন্দ্র কোনটি?

Ⓐ (–3, 1) Ⓑ (1, –3) Ⓒ (1, 3) Ⓓ (–1, 3) **Ans Ⓐ**

**02.** $3x + ky - 1 = 0$ রেখাটি $x^2 + y^2 - 8x - 2y + 4 = 0$ বৃত্তকে স্পর্শ করে, k এর মান নির্ণয় কর।

Ⓐ $2, \frac{1}{6}$ Ⓑ $-2, \frac{1}{6}$ Ⓒ $2, -\frac{1}{6}$ Ⓓ $-2, -\frac{1}{6}$ **Ans Ⓒ**

**03.** $x^2 + y^2 - 3kx + y - 4 = 0$ বৃত্তের একটি ব্যাসের সমীকরণ $x + 2y - 3 = 0$ হলে k এর মান কত?

Ⓐ $-\frac{8}{3}$ Ⓑ $\frac{-4}{3}$ Ⓒ $\frac{8}{3}$ Ⓓ $\frac{4}{3}$ **Ans Ⓒ**

**04.** (–2, 1) বিন্দু হতে $x^2 + y^2 - 8x - 3y - 6 = 0$ বৃত্তের অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত?

Ⓐ $2\sqrt{3}$ Ⓑ $3\sqrt{2}$ Ⓒ $2\sqrt{6}$ Ⓓ 2 **Ans Ⓐ**



CamScanner

05. একটি বৃত্তের কেন্দ্র (4, 3) যা $x^2 + y^2 = 9$ বৃত্তকে বহিঃস্থভাবে স্পর্শ করে, বৃত্তটির ব্যাসার্ধ কত?
Ⓐ 2 Ⓑ 5
Ⓒ 8 Ⓓ 3 Ans Ⓐ

06. (3, –1) বিন্দুগামী বৃত্তটি $x^2 + y^2 - 6x + 8y = 0$ বৃত্তের সাথে এককেন্দ্রিক হলে বৃত্তটির ব্যাসার্ধ কত?
Ⓐ 3 Ⓑ $\sqrt{61}$
Ⓒ $3\sqrt{10}$ Ⓓ $9\sqrt{2}$ Ans Ⓐ

07. $x + y = 4$ রেখাটি $x^2 + y^2 - 12x - 8y + 34 = 0$ বৃত্তকে স্পর্শ করলে স্পর্শ বিন্দু কত?
Ⓐ (1, 3) Ⓑ (3, 1)
Ⓒ (3, 2) Ⓓ (2, 5) Ans Ⓑ

08. $x^2 + y^2 - 4x + 8y + m = 0$ বৃত্তের ব্যাসার্ধ 2 হলে m এর মান কত?
Ⓐ 0 Ⓑ 12 Ⓒ 16 Ⓓ 24 Ans Ⓒ

09. (– 4, 3) বিন্দুতে $x^2 + y^2 = 25$ বৃত্তের স্পর্শকের সমীকরণ কোনটি?
Ⓐ $-2x + 3y = 5$ Ⓑ $-4x + 3y = 5$
Ⓒ $-2x + 3y = 25$ Ⓓ $-4x + 3y = 25$ Ans Ⓓ

10. (1, – 2) বিন্দুটি $x^2 + y^2 + 4x - 6y + 3 = 0$ বৃত্তের কোথায় অবস্থিত?
Ⓐ ভেতরে Ⓑ বাইরে
Ⓒ উপরে Ⓓ কেন্দ্রে Ans Ⓑ

11. (4, 2) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসের একটি প্রান্তবিন্দু (5, 2) হলে অপর প্রান্তবিন্দু স্থানাঙ্ক কত?
Ⓐ (3, 2) Ⓑ (2, 3)
Ⓒ (–2, 3) Ⓓ (–3, 2) Ans Ⓐ

12. (1, 2) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত এবং $x^2 + y^2 + 4x + 4 = 0$ বৃত্তের কেন্দ্রদ্বয়ের দূরত্ব কত?
Ⓐ $\sqrt{12}$ Ⓑ 12
Ⓒ $\sqrt{13}$ Ⓓ 13 Ans Ⓒ

13. $\frac{1}{2}(x^2 + y^2) = 10$ বৃত্তের 2 ভুজবিশিষ্ট বিন্দুতে স্পর্শকের একটি সমীকরণ কত?
Ⓐ $x - 2y + 10 = 0$ Ⓑ $x + 2y - 10 = 0$
Ⓒ $x + 2y + 10 = 0$ Ⓓ $2x - y - 10 = 0$ Ans Ⓑ

14. (3, 4) কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $x^2 + y^2 = 144$ বৃত্তকে অন্তঃস্থভাবে স্পর্শ করলে প্রথম বৃত্তের ব্যাসার্ধ কত?
Ⓐ 17 Ⓑ 12
Ⓒ 7 Ⓓ 6 Ans Ⓒ

15. মূলবিন্দু দিয়ে যায় এবং x ও y অক্ষের ধনাত্মক দিক থেকে যথাক্রমে 3 ও 5 একক অংশ কর্তন করে এমন বৃত্তের সমীকরণ কোনটি?
Ⓐ $x^2 + y^2 - 3x - 5y = 0$ Ⓑ $x^2 + y^2 + 3x + 5y = 0$
Ⓒ $x^2 + y^2 + 3x - 5y = 0$ Ⓓ $x^2 + y^2 - 3x + 5y = 0$ Ans Ⓐ

16. মূলবিন্দুতে কোনো বৃত্তের কেন্দ্র অবস্থিত হলে এবং এটি x-অক্ষকে (± 2, 0) বিন্দুতে ছেদ করলে বৃত্তের ব্যাসার্ধ কোনটি হবে?
Ⓐ – 2 Ⓑ ± 2
Ⓒ 2 Ⓓ 4 Ans Ⓒ

17. একটি বৃত্ত $x = 0, y = 0$ এবং $x = b$ রেখাত্রয়কে স্পর্শ করলে বৃত্তের ব্যাসার্ধ কত?
Ⓐ $\frac{b}{2}$ Ⓑ b Ⓒ $\frac{b}{4}$ Ⓓ $\frac{b^2}{4}$ Ans Ⓐ

18. $x^2 + y^2 - 2x + 3y = 0$ বৃত্ত এবং $x - y = 1$ সরলরেখার ছেদবিন্দু দিয়ে যায় এমন একটি বৃত্তের সমীকরণ কোনটি?
Ⓐ $x^2 + y^2 - x + 2y - 1 = 0$
Ⓑ $x^2 + y^2 - 3x + 4y + 1 = 0$
Ⓒ $x^2 + y^2 - 2x + 3y + k(x - y - 1) = 0$
Ⓓ $x^2 + y^2 - x + y - 1 = 0$ Ans Ⓒ

19. (2, 2) এবং (3, 3) বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃ... সমীকরণ কোনটি?
Ⓐ $x^2 + y^2 - 5x - 5y + 6 = 0$
Ⓑ $x^2 + y^2 - 5x + 5y + 12 = 0$
Ⓒ $x^2 + y^2 - 5x - 5y - 12 = 0$
Ⓓ $x^2 + y^2 - 5x - 5y + 12 = 0$ Ans

20. কোন বৃত্তের দুটি সমান্তরাল স্পর্শকের সমীকরণ $2x + 3y + 2 = 0$ এবং $4x + 6y + 8 = 0$ হলে বৃত্তের ব্যাসার্ধ কত?
Ⓐ $\frac{1}{2\sqrt{13}}$ Ⓑ $\frac{3}{2\sqrt{13}}$
Ⓒ $\frac{2}{\sqrt{13}}$ Ⓓ $\frac{1}{\sqrt{13}}$ Ans

21. $x^2 + y^2 - 2x - 4y + 4 = 0$ বৃত্তের (0, 2) বিন্দুতে স্পর্শকের সমীকরণ
Ⓐ $x = 0$ Ⓑ $x = 2$
Ⓒ $y = 0$ Ⓓ $y = 2$ Ans

22. $x^2 + y^2 + 2x + 4y - 1 = 0$ বৃত্ত দ্বারা y অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য কত?
Ⓐ $2\sqrt{2}$ Ⓑ $\sqrt{5}$
Ⓒ $2\sqrt{5}$ Ⓓ $\sqrt{2}$ Ans

23. $x^2 + y^2 = 20$ বৃত্তের (2, 4) বিন্দুতে স্পর্শকের সমীকরণ কোনটি?
Ⓐ $x + 2y - 10 = 0$ Ⓑ $2x + y - 10 = 0$
Ⓒ $2x - y + 10 = 0$ Ⓓ $2x - y - 10 = 0$ Ans

24. $x^2 + y^2 = 2$ বৃত্তের (4, 2) বিন্দু থেকে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত একক?
Ⓐ $4\sqrt{3}$ Ⓑ $3\sqrt{2}$
Ⓒ $2\sqrt{3}$ Ⓓ $2\sqrt{5}$ Ans

25. একটি বৃত্ত (3, 5) ও (4, 6) বিন্দু দিয়ে অতিক্রম করে এবং এর কেন্দ্র x-অক্ষের ওপর অবস্থিত। বৃত্তটির সমীকরণ কোনটি?
Ⓐ $x^2 + y^2 - 4y + 11 = 0$ Ⓑ $x^2 + y^2 - 3y + 9 = 0$
Ⓒ $x^2 + y^2 + 5y = 0$ Ⓓ $x^2 + y^2 - 18x + 20 = 0$ Ans

26. $x^2 + y^2 + 4x + 5y + 6 = 0$ এবং $2x^2 + 2y^2 + 4y + 6 = 0$ বৃত্তের সাধারণ জ্যা এর সমীকরণ কোনটি?
Ⓐ $4x + 3y + 3 = 0$ Ⓑ $4x - 3y - 3 = 0$
Ⓒ $3x - 4y + 3 = 0$ Ⓓ $4x + y = 0$ Ans Ⓐ

27. $x^2 + y^2 + 8x - 3y + 7 = 0$ এবং $3x^2 + 3y^2 + 12y + 15 = 0$ বৃত্তের সাধারণ জ্যা এর সমীকরণ কোনটি?
Ⓐ $8x - 7y + 2 = 0$ Ⓑ $4x - 3y + 2 = 0$
Ⓒ $8x + 7y + 2 = 0$ Ⓓ $7x - 8y + 2 = 0$ Ans Ⓐ

28. (–2, 3) বিন্দুটি $x^2 + y^2 - 8x - 10y + c = 0$ বৃত্তের ওপর অবস্থিত হলে c এর মান কত?
Ⓐ – 1 Ⓑ – 12
Ⓒ 1 Ⓓ 12 Ans Ⓒ

29. $x^2 + y^2 + 2x - 4y + 3 = 0$ ও $x^2 + y^2 - 4x + 6y + 1 = 0$ বৃত্তদ্বয়ের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত একক?
Ⓐ $\sqrt{34}$ Ⓑ 9
Ⓒ 25 Ⓓ 34 Ans Ⓐ

30. $r = 2a\cos\theta$ বৃত্তের কেন্দ্র কোনটি?
Ⓐ (–a, 0) Ⓑ (a, 0)
Ⓒ (0, a) Ⓓ (0, –a) Ans Ⓑ

31. $x + y = 4$ রেখাটি $x^2 + y^2 - 12x - 8y + 34 = 0$ বৃত্তকে স্পর্শ করে। স্পর্শ বিন্দু কোনটি?
Ⓐ (1, 1) Ⓑ (3, 1)
Ⓒ (3, 2) Ⓓ (2, 5) Ans Ⓑ



CamScanner

গণিত ১ম পত্র

অধ্যায় ৫

# বিন্যাস ও সমাবেশ

Part 1

## প্রয়োজনীয় সূত্রাবলি

❑ **বিন্যাস সংখ্যা (Number of Permutation):** কয়েকটি জিনিস থেকে কিছু সংখ্যক জিনিস নিয়ে বা সবকয়টি জিনিস নিয়ে যত রকমে সাজানো যায় সেই সংখ্যাকে বিন্যাস সংখ্যা বলে।

❑ **বিন্যাস সংখ্যার প্রতীক:** n সংখ্যক বিভিন্ন জিনিস হতে r সংখ্যক নিয়ে যত প্রকারে সাজানো যায় সেই সংখ্যাকে $^nP_r$ বা $P(n, r)$ বা, $P^n_r$ দ্বারা প্রকাশ করা হয়।

এখানে- $n, r \in N$ এবং $n > r$, $\quad ^nP_r = \frac{n!}{(n-r)!}$

❑ **গৌণিক n বা Factorial n এর কয়েকটি ধর্ম:**

1) $n! = n(n-1)(n-2) \ldots\ldots 3.2.1$
$= 1.2.3 \ldots\ldots\ldots\ldots (n-2)(n-1)n$
$= n(n-1)!$

2) $0! = 1$ $\quad$ 3) $\frac{1}{(-n)!} = 0, \ \frac{k}{(-n)!} = 0$ [n অখণ্ড ধনাত্মক সংখ্যা]

❑ **বিন্যাসের ধর্ম (Propertion of Permutation ; $^nP_r$):**

1) $^nP_n = n(n-1)(n-2) \ldots\ldots 3.2.1 = n!$
$= n(n-1)! = n(n-1)(n-2)!$ ইত্যাদি

2) $^nP_{n-1} = n!$ $\quad$ 3) $^nP_1 = n$ $\quad$ 4) $^nP_0 = 1$

5) $^nP_r = {}^{n-1}P_r + r \times {}^{n-1}P_{r-1}$

❑ **বিন্যাসের সমতা ও বৃহত্তম মান:**

(1) $^nP_r$ এর মান বৃহত্তম হবে $r = n$ বা $r = n-1$ হলে

(2) $^nP_r = {}^nP_s$ হবে যখন $r = s$ হবে

❑ **বিন্যাসের প্রকারভেদ:** বিন্যাস সাধারণত দুই প্রকারের। যথা-

i. সারি বিন্যাস (Linear Permutation)

ii. চক্রাকার বিন্যাস (Circular Permutation)

i. **সারি বিন্যাস:** কতগুলো বস্তুকে যখন সারি বা সরলরেখা বরাবর সাজানো হয় তাকে সারি বিন্যাস বলে।

ii. **চক্রবিন্যাস (Circular Permutation):** কতগুলো জিনিসকে যখন বৃত্তাকারে সাজানো হয় তখন ঐ বিন্যাসকে চক্রাকার/বৃত্তাকার বিন্যাস বলে।

❑ **পুনরাবৃত্তিমূলক বিন্যাস:** কোন বিন্যাসের কোন অক্ষর/অংক প্রদত্ত শব্দ বা সংখ্যায় ঐ অক্ষর যতবার আছে তার চেয়ে অধিকবার থাকলে ঐ বিন্যাসকে পুনরাবৃত্তিমূলক বিন্যাস বলে। পুনরাবৃত্তিমূলক বিন্যাসের সংখ্যার মধ্যে সারি বিন্যাসের সংখ্যা অন্তর্ভুক্ত থাকে।

**পুনরাবৃত্তিমূলক বিন্যাস** = সারি বিন্যাস + একই অক্ষর/অংক একাধিকবার আছে এমন বিন্যাস।

❑ একই অঙ্ক একাধিকবার আছে এমন বিন্যাস = (পুনরাবৃত্তিমূলক – সারি) বিন্যাস।

❑ পুনরাবৃত্তিকমূলক বিন্যাস নির্ণয়ের জন্য $n^r$ সূত্র ব্যবহার করতে হয়।

❑ **কখন পুনরাবৃত্তিমূলক বিন্যাস করতে হয়:** নিম্নোক্ত ক্ষেত্রে-

(১) কোন অঙ্ক/অক্ষরকে যতবার ইচ্ছা ততবার নিয়ে

(২) কোন অঙ্ক/অক্ষর প্রদত্ত শব্দে যতবার আছে তার চেয়ে অধিক বার নিয়ে

(৩) খেলার ফলাফল $\quad$ (৪) ভোট দেবার উপায়

(৫) তালার রিং এর বিন্যাস $\quad$ (৬) বাক্সে চিঠি ফেলা

(৭) যে কোন নম্বর (মোবাইল, টাকা, লটারি, লাইসেন্স ইত্যাদি) পুনরাবৃত্তিমূলক বিন্যাস করতে হয়।

❑ **পুনর্বিন্যাস:** মোট বিন্যাসের মধ্যে প্রদত্ত বিন্যাসও একটি বিন্যাস হতে পারে(শর্তসাপেক্ষে)। তাই পুনর্বিন্যাস বলতে মোট বিন্যাস হতে একটি বিন্যাস বাদ দিতে হয়। অর্থাৎ পুনর্বিন্যাস = মোট বিন্যাস –1

❑ **বিন্যাসের ক্ষেত্র:** নিম্নোক্ত ক্ষেত্রে বিন্যাস করতে হবে-
সাজানো, বিন্যাস করা, বিন্যস্ত করা, শব্দ গঠন, সংখ্যাগঠন, সংকেত গঠন, মন্ত্রীসভা গঠন, টেলিফোন সংযোগ, মালা/হার গাথা, আসন গ্রহণ, ভোট দেয়া, খেলার ফলাফল, নিমন্ত্রণের উপায়, পুরস্কার প্রদান করা ইত্যাদি বলা থাকলে বিন্যাস করতে হয়।

➤ **সমাবেশ সংখ্যা:** কতগুলো জিনিস হতে কয়েকটি করে নিয়ে বা সবগুলো একত্রে নিয়ে যত প্রকারে দল গঠন করা যায় সেই সংখ্যাকে সমাবেশ সংখ্যা বলে।
n সংখ্যক বিভিন্ন জিনিস হতে r সংখ্যক জিনিস নিয়ে গঠিত সমাবেশ সংখ্যাকে $^nC_r$, $C^n_r$, $C(n, r)$ দ্বারা প্রকাশ করা হয়। $^nC_r = \frac{n!}{r!(n-r)!}$ ; $n, r \in N$ এবং $n > r$.

➤ **আবিষ্কার:** 1540 সালে বাকলেই সর্বপ্রথম $^nC_r$ সূত্রটি ব্যবহার করেন।

➤ **বিন্যাস ও সমাবেশের মধ্যে পার্থক্য:**

01. বিন্যাসে জিনিসগুলোর ক্রম বিবেচনা করা হয় কিন্তু সমাবেশে জিনিসগুলোর ক্রম বিবেচনা করা হয় না। যেমন :a,b,c জিনিস তিনটি হতে দুইটি করে নিয়ে গঠিত দলগুলো হল : ab, bc, ca ; এখানে ba,ab দুইটি দল নয়, কিন্তু দুটি বিন্যাস।

02. $^nP_r > {}^nC_r$ ; $(n > r > 1)$.

03. $^nP_r = {}^nC_r$ হবে যদি $r = 1$ হয়। $\quad$ 04. $^nP_r = {}^nC_r \times r!$

➤ **$^nC_r$ এর ধর্মাবলী (অনুসিদ্ধান্ত):** $^nC_0 = 1$, $^nC_1 = n$, $^nC_n = 1$.

➤ **$^nC_r$ এর বৃহত্তম মান নির্ণয়:**

01. n জোড় হলে $^nC_r$ এর মান বৃহত্তর হবে যদি $r = \frac{n}{2}$ হয়

02. n বিজোড় হলে $^nC_r$ বৃহত্তম হবে যদি $r = \frac{n \pm 1}{2}$ হবে

অর্থাৎ $r = \frac{n-1}{2}$ বা $r = \frac{n+1}{2}$ হয়।

➤ **Properties of Combination :**

1. $^nC_r = {}^nC_{n-r}$ কে পরস্পর সম্পূরক সমাবেশ বলে।

2. $a \times {}^nC_x = b \times {}^nC_y$ হলে $\frac{a}{x!(n-x)!} = \frac{b}{y!(n-y)!}$ হবে।

3. $^nC_x = {}^nC_y$ হলে Either $x = y$ or $x + y = n$ হবে,

4. $^nC_r + {}^nC_{r-1} = {}^{n+1}C_r$ ; $(n > r > 1)$

5. $\frac{^nC_r}{^nC_{r+1}} = \frac{r+1}{n-r}$ $\quad$ 6. $\frac{^nC_r}{^nC_{r-1}} = \frac{n-r+1}{r}$

➤ **সমাবেশের ক্ষেত্র:** কখন সমাবেশ করতে হয়-
প্রশ্নে নিম্নলিখিত কথা উল্লেখ থাকলে সমাবেশ করতে হয়-

| | | |
|---|---|---|
| i) বেছে নেয়া | vi) টিম গঠন | xi) প্রার্থী নির্বাচন |
| ii) বাছাই করা | vii) ক্ষেত্র গঠন | xii) সরলরেখা বা কর্ণের সংখ্যা |
| iii) দল গঠন | viii) বিনিময় করা | xiii) সংকেত তৈরি |
| iv) কমিটি গঠন | ix) নিমন্ত্রণ করা | xiv) ভাগ করে দেয়া |
| v) উপকমিটি গঠন | x) ভ্রমণ করা | xv) উৎপাদক সংখ্যা |



CamScanner

## Part 2 গাণিতিক সমস্যা ও সমাধান

**01. EQUATION শব্দটি হতে সবগুলো অক্ষর নিয়ে স্বরবর্ণগুলো একত্রে রেখে অথবা একত্রে না রেখে বিন্যাস নির্ণয় কর।**

**Sol :** i. স্বরবর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস $= (8-5+1)! \times 5!$
$= 4! \times 5! = 2880$

ii. স্বরবর্ণগুলো একত্রে না রেখে বিন্যাস $= 8! - (8-5+1)! \times 5!$
$= 37440$

**02. ALGEBRA শব্দটির অক্ষরগুলো থেকে প্রত্যেকবার তিনটি করে অক্ষর নিয়ে কতগুলো শব্দ গঠন করা যায়?**

**Sol :** শব্দটিতে মোট অক্ষর = 7টি, A = 2টি, প্রতিবারে নিতে হবে = 3টি

(i) 2টি A থেকে 1টি A এবং অন্য 5টি অক্ষর
অর্থাৎ মোট ভিন্ন অক্ষর = 5 + 1 = 6টি হতে প্রতিবারে 3টি নিয়ে পাই,
∴ বিন্যাস $= {}^6P_3 = 120$

(ii) প্রতি বারে 2টি A নিয়ে এবং বাকী অক্ষর 5টি থেকে 1টি নিয়ে
বিন্যাস $= {}^5P_1 \times \frac{3!}{2!} = 15$

∴ মোট শব্দ = 120 + 15 = 135

**03. EQUATION শব্দটি হতে প্রতিবারে 5টি বর্ণ নিয়ে কতগুলো শব্দ গঠন করা যায় যাতে (i) n তৃতীয় স্থানে থাকবে.**
**(ii) t প্রথমে এবং n শেষে থাকবে**
**(iii) t ও n প্রথমে বা শেষে থাকবে।**

**Sol :** (i) 5টি স্থানের মধ্যে 1টি n জন্য fixed রেখে, অবশিষ্ট 4টি স্থানে অবশিষ্ট 7টি বর্ণ সাজানো যায় $= {}^7P_4 = 840$ উপায়ে।

(ii) t প্রথমে এবং n শেষে রেখে সাজানো যায় $= {}^6P_3 = 120$ উপায়ে।

(iii) t ও n প্রথমে বা শেষে রেখে সাজানো যায় $= {}^2P_2 \times {}^6P_3 = 240$ উপায়ে।

**04. DIRECTOR শব্দটির স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের আপেক্ষিক অবস্থান পরিবর্তন না করে বর্ণগুলোকে কতভাবে সাজানো যাবে?**

**Sol :** DIRECTOR শব্দটিতে মোট বর্ণ সংখ্যা = 8টি যার মধ্যে স্বরবর্ণ 3টি ও ব্যঞ্জনবর্ণ 5টি (যার মধ্যে r আছে 2টি)।

আপেক্ষিক অবস্থায় পরিবর্তন না করে সাজানোর উপায় $= \frac{5!}{2!} \times 3! = 360$

**05. 12 জন লোক একটি গোলটেবিলে বৈঠক করবেন; কত উপায়ে আসন গ্রহণ করবেন?**

**Sol :** ∴ বিন্যাস সংখ্যা = 11!

**06. 15 জন শিক্ষক কতভাবে চক্রাকারে বসতে পারবেন?**

**Sol :** নির্ণেয় উপায় = (n – 1)! = (15 – 1)! = 14!

**07. 5টি চিঠি 3টি বাক্সে ফেলার উপায় কত?**

**Sol :** নির্ণেয় উপায় $= 3^5$

**08. যে কোন অংককে যে কোন সংখ্যক বার নিয়ে 1, 2, 3, 4, 5, 6 অঙ্কগুলো দ্বারা 4 অঙ্কের বেশি নয় এমন কতগুলো সংখ্যা গঠন করা যায়?**

**Sol :** সংখ্যা গঠন করা যায় $= 6^1 + 6^2 + 6^3 + 6^4 = \frac{6(6^4-1)}{6-1} = 1554$

**09. 1, 2, 3, 4, 5, 6 অংকগুলো প্রত্যেক সংখ্যায় কেবলমাত্র একবার ব্যবহার করে 5000 ও 6000 এর মধ্যবর্তী কতগুলো সংখ্যা গঠন করা যেতে পারে?**

**Sol :** 5000 ও 6000 এর মধ্যবর্তী সংখ্যা পাওয়ার জন্য ১ম সংখ্যাটি 5 দ্বারা শুরু হবে। বাকী (6 – 1) বা 5টি অংক থেকে 3টি অংক দ্বারা (যেহেতু সংখ্যাটি চার অংক বিশিষ্ট হবে) গঠিত মোট সংখ্যাই নির্ণেয় সংখ্যা অর্থাৎ

${}^5P_3 = \frac{5!}{(5-3)!} = 60$

**10. ঢাকা হতে চট্টগ্রামে প্রতিদিন 6টি ট্রেন যাতায়াত করে। একজন ব্যক্তি কতভাবে এক ট্রেনে ঢাকা হতে চট্টগ্রামে গিয়ে অপর ট্রেনে ফিরে আসতে পারে।**

**Sol :** এক ট্রেনে ঢাকা হতে চট্টগ্রামে গিয়ে অপর ট্রেনে ফিরে আসার উপায় = n × (n – 1) = 6 × 5 = 30টি

**11. $^nC_2 = \frac{2}{5} \times {}^nC_4$ হলে n এর মান নির্ণয় কর:**

**Sol :** $^nC_2 = \frac{2}{5} \times {}^nC_4 \Rightarrow 5.\,{}^nC_2 = 2 \times {}^nC_4$

$\Rightarrow \frac{5n!}{2!(n-2)!} = \frac{2n!}{4!(n-4)!}$

$\Rightarrow \frac{5}{2(n-2)(n-3)(n-4)!} = \frac{2}{24(n-4)!}$

$\Rightarrow (n-2)(n-3) = 30$

$\Rightarrow n^2 - 5n + 6 - 30 = 0 \Rightarrow n^2 - 5n - 24 = 0$

$\Rightarrow (n-8)(n+3) = 0 \quad \therefore n = 8 \; [n \neq -3]$

**12. $^nP_r = 240$ ও $^nC_r = 120$ হলে n ও r এর মান নির্ণয় কর।**

**Sol :** $^nP_r = 240 \Rightarrow {}^nC_r \times r! = 240 \Rightarrow 120 \times r! = 240$

$\Rightarrow r! = 2! \therefore r = 2$

আবার, $^nP_r = 240$

$\Rightarrow \frac{n!}{(n-2)!} = 240 \Rightarrow n(n-1) = 240 \Rightarrow n^2 - n - 240 = 0$

$\Rightarrow (n-16)(n+15) = 0 \therefore n = 16 \; [\because n \neq -15]$

নির্ণেয় মান: n = 16, r = 2

**13. 20টি বাহু বিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলো সংযোজন করে কতগুলো a) সরলরেখা b) ত্রিভুজ c) চতুর্ভুজ d) কর্ণ পাওয়া যাবে?**

**Sol :** a) একটি সরলরেখার জন্য বিন্দুর প্রয়োজন 2টি

∴ সরলরেখার সংখ্যা $= {}^{20}C_2 = 190$

b) ত্রিভুজ সংখ্যা $= {}^{20}C_3 = 1140$

c) চতুর্ভুজ সংখ্যা $= {}^{20}C_4 = 4845$

d) কর্ণের সংখ্যা $= {}^{20}C_2 - 20 = 170$

**14. দু'জন লোকের যথাক্রমে 10 খানা ও 12 খানা পুস্তক আছে। কত রকমে এগুলোকে বিনিময় করা যেতে পারে a) যদি একখানার পরিবর্তে একখানা b) দুইখানার পরিবর্তে দুইখানা পুস্তক দেয়া হয়।**

**Sol :** প্রথম ব্যক্তি 10 খানা হতে 1খানা বাছাই করবে $= {}^{10}C_1$ উপায়ে

২য় ব্যক্তি 12 খানা হতে 1খানা বাছাই করবে $= {}^{12}C_1$ উপায়ে

a) নির্ণেয় বিনিময়ের উপায় $= {}^{10}C_1 \times {}^{12}C_1 = 120$

b) নির্ণেয় বিনিময়ের উপায় $= {}^{10}C_2 \times {}^{12}C_2 = 2970$

**15. EQUATION শব্দটি হতে প্রতিবারে 5টি অক্ষর নিয়ে কত ভাবে বাছাই করা যায় যাতে ব্যঞ্জনবর্ণ তিনটি সর্বদাই থাকবে?**

**Sol :** মোট 8টি হতে ব্যঞ্জনবর্ণ 3টি ও 5টি হতে 3টি বাদ দেই,

∴ বাছাই করার উপায় $= {}^{8-3}C_{5-3} = {}^5C_2 = 10$

**16. EQUATION শব্দটি হতে প্রতিবারে 5টি বর্ণ নিয়ে সমাবেশ নির্ণয় কর যাতে Q, N থাকবে কিন্তু E, T থাকবে না।**

**Sol :** E, T কে মোট সংখ্যা হতে বাদ দেই অর্থাৎ বর্ণ থাকে 6টি, অতঃপর 6টি হতে 5টি নিব যাতে 2টি (Q, N) থাকবে, তাই 6টি হতে 2টি ও 5টি হতে দুটি বাদ দেই। ∴ নির্ণেয় সমাবেশ $= {}^{6-2}C_{5-2} = {}^4C_3 = 4$

**17. একটি থলিতে 1টাকার 2টি, 5টাকার 3টি এবং 2টাকার 5টি মুদ্রা আছে, এক বা একাধিক মুদ্রা কতভাবে তোলা সম্ভব?**

**Sol :** নির্ণেয় উপায় $= (2+1)(3+1)(5+1)2^0 - 1 = 71$



CamScanner

